

Times Today BD

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 18 May, 2025

জয়পুরহাটের পাঁচবিবি উপজেলার আয়মারসুলপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মামুনুর রশিদ মিল্টন নিষিদ্ধ ঘোষিত সংগঠন আওয়ামীলীগের পদে থাকায় চেয়ারম্যানের পদ থেকে তাঁর পদত্যাগ ও তাকে গ্রন্থারের দাবিতে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচি পালন করেছেন স্থানীয়রা। এতে অংশগ্রহণ করেছেন স্থানীয় বিএনপির নেতাকর্মীরাও।

রবিবার (১৮ মে) বেলা ১১ টায় আয়মারসুলপুর ইউনিয়নবাসীর আয়োজনে পরিষদের সামনের সড়কে বিক্ষোভ মিছিল করেছেন স্থানীয় এলাকাবাসী ও বিএনপির নেতাকর্মীরা। পরে বিক্ষোভ শেষে ইউনিয়ন পরিষদ চত্বরে প্রায় ঘন্টা ব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

এসময় বিক্ষোভ মিছিলে অংশগ্রহণকারীরা স্লোগান দিতে থাকেন। জ্বালোরে জ্বালো আঙুন জ্বালো, মিল্টনের গদিতে আঙুন জ্বালো এক সাথে, মিল্টনের ঠিকানা পরিষদে হবেনা, আওয়ামীলীগের ঠিকানা আয়মারসুলপুরে হবেনা, এক দফা এক দাবি, মিল্টনের পদত্যাগ।

এদিকে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি চলাকালীন সময়ে আয়মারসুলপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মামুনুর রশিদ মিল্টন পরিষদে অনুপস্থিত ছিলেন। চেয়ারম্যানের কক্ষ তাল্লা ঝুলানো দেখা গেছে। মুঠোফোন বন্ধ রেখে আত্মগোপনে আছেন বলে জানা গেছে।

মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য রাখেন উপজেলা কৃষকদল আহবায়ক রাহিদ হোসেন, আয়মারসুলপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হারুন অর রশিদ রাজু, সাধারণ সম্পাদক নুরুল হোদা ও ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক লিটন প্রমুখ।

মানববন্ধনে বিএনপির নেতারা তাদের বক্তব্য বলেন, নিষিদ্ধ ঘোষিত সংগঠন আওয়ামীলীগের জয়পুরহাট পৌর শাখার সাংগঠনিক সম্পাদক ও আয়মারসুলপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মামুনুর রশিদ মিল্টন একজন আওয়ামীলীগের দোসর। তিনি জুলাই বিপ্লব বিরোধী ও একজন দুর্নীতিবাজ ইউপি চেয়ারম্যান। আমরা আয়মারসুলপুর ইউনিয়নবাসী আগামী সাত দিনের মধ্যে চেয়ারম্যানের পদ থেকে তাঁর পদত্যাগ চাই এবং তাকে গ্রন্থারের দাবি জানাচ্ছি।

জয়পুরহাট আওয়ামীলীগ মামুনুর রশিদ পদত্যাগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:16

URL: <https://www.timestodaybd.com/across-the-country/7912652629>